দৈনিক ইত্তেফাক

JAN 1 7 2001

# বরিশাল মেডিক্যাল কলেজের অধ্যক্ষের কক্ষে হামলা

**বরিশাল অফিস**॥ শেরেবাংলা মেডিক্যাল কলেজে শিক্ষক সংকট দূর না হওয়ায় বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল মঙ্গলবার

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## বরিশাল মেডিক্যাল কলেজের

(প্রথম পৃষ্ঠার পর)

অধ্যক্ষের কক্ষে হামলা চালায়। তাহারা দরজা জানালা ভাংচুর করে। গত নভেম্বরে ছাত্রদের আন্দোলনের সময় কলেজের ব্যাপক সম্পদ ধ্বংস হইয়াছিল। স্বাস্থ্য মন্ত্রণালয়ের আশ্বাসের প্রেক্ষিতে ছাত্ররা আন্দোলন স্থগিত ঘোষণা করে। কিন্তু মন্ত্রণালয়ের আশ্বাস পুরাপুরি পূরণ হয় নাই। শিক্ষক সংকটের কারণে কলেজে লেখাপড়া প্রায় বন্ধ। ছাত্ররা এই কারণে গতকাল বিক্ষোভে ফাটিয়া পড়ে। এইদিকে একাডেমিক কাউন্সিলের গতকালের সভা সিদ্ধান্তবিহীন অবস্থায় শেষ হইয়াছে।